রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ফেব্রুয়ারি ১৮, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নারী ও শিশুশ্রম শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ মাঘ ১৪৩০/১৫ জানুয়ারি ২০২৪

নং-৪০.০০.০০০০.০৪৩.২২.০০১.২১-০১—গত ২১-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত ‘জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC)’-এর ৪র্থ সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার সংস্থান মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নোক্তভাবে ‘জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC)’ পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | স্থানীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২ | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩ | পুলিশ সুপার | সদস্য |
| ৪ | সিভিল সার্জন | সদস্য |
| ৫ | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৬ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭ | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৮ | জেলা কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ৯ | জেলা কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১০ | উপ-পরিচালক, শ্রম অধিদপ্তর | সদস্য |
| ১১ | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ১২ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩ | জেলা সংগঠক/জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৪ | সভাপতি, স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৫ | শিশুশ্রম/শিশু অধিকার নিয়ে কাজ করে এমন ০১ জন এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৬ | কমিটি কর্তৃক মনোনীত একজন শ্রমিক প্রতিনিধি | সদস্য |
| ১৭ | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা কার্যালয়/শ্রম অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের পরিচালক/উপপরিচালক | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

(ক) কমিটি ০৩ (তিন) মাসে কমপক্ষে একবার অথবা প্রয়োজনে আরো কম বিরতিতে সভায় মিলিত হবে;

(খ) সভা অনুষ্ঠানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সভার কার্যবিবরণী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(গ) কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার বাস্তবায়নে সহায়তা, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে;

(ঘ) কমিটি শিশুশ্রম পরিস্থিতি তথ্য সংগ্রহ বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLMC)-এ নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে;

(ঙ) কমিটি শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নীতি, কৌশল ও কর্মসূচি গ্রহণ এবং বাজেট বরাদ্দের লক্ষ্যে বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLMC)--এ সুপারিশ প্রেরণ করবে:

(চ) কমিটি শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার প্রভাব নিয়মিত মূল্যায়ন এবং বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLMC)-এ প্রতিবেদন প্রেরণ করবে;

(ছ) কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ করবে।

৩। কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের কো-অপ্ট করতে পারবে।

**খোন্দকার মোঃ নাজমুল হুদা শামিম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd